

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(জনস্বাস্থ্য-১ অধিশাখা)
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭১.৯৯.০১৫.২০-১১২

তারিখঃ ২১ মে ২০২০ খ্রি:

প্রজ্ঞাপন


সারাদেশে COVID-19 এর প্রাদুর্ভাব হতে গার্মেন্টস কারখানাসহ অন্যান্য সকল শিল্প কারখানার শ্রমিক/কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে নিরাপদ রাখতে বিভিন্ন গার্মেন্টস/শিল্প কারখানায় অনুসরণীয় স্বাস্থ্য বিধি (Guide line) গত ২৯/০৪/২০২০ খ্রি: তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ হইতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

দেশের বিভিন্ন জেলায় অবস্থিত গার্মেন্টস/শিল্প কারখানাসমূহের মধ্যে কোথাও কোথাও স্বাস্থ্যবিধি (গাইড লাইন) অনুসরণ করা হচ্ছে। তবে অনেক ক্ষেত্রেই এর ব্যত্যয় গোচরীভূত হচ্ছে। জেলা পর্যায়ে অবস্থিত গার্মেন্টস/শিল্প কারখানায় স্বাস্থ্য বিধি অনুসরণ কার্যক্রম তদারকি, প্রয়োজনীয় সহযোগিতা এবং এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে এতদ্বারা নির্দেশক্রমে নিম্নরূপ জেলা কমিটি গঠন করা হলো:

১।	জেলা প্রশাসক	সভাপতি
২।	পুলিশ সুপার (প্রযোজ্য ক্ষেত্রে শিল্প পুলিশের পুলিশ সুপার)	সদস্য
৩।	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
৪।	সংশ্লিষ্ট সংসদীয় এলাকার মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি	সদস্য
৫।	সংশ্লিষ্ট মেয়র/প্রতিনিধি	সদস্য
৬।	বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমইএ এর প্রতিনিধি	সদস্য
৭।	সিভিল সার্জন	সদস্য-সচিব

কার্যপরিধি:

- কমিটি/কমিটির সদস্যবৃন্দ/প্রতিনিধিবৃন্দ নিয়মিত গার্মেন্টস/শিল্প কারখানা পরিদর্শন করবেন।
- স্বাস্থ্য বিধি প্রতিপালনে কমিটি সংশ্লিষ্ট গার্মেন্টস/শিল্প কারখানাকে প্রয়োজনীয় সহযোগিতা করবে।
- সংশ্লিষ্ট গার্মেন্টস/শিল্প কারখানার কেউ COVID-19 এ আক্রান্ত সন্দেহ হলে প্রতিষ্ঠানের পক্ষ হতে ঐ ব্যক্তির পরীক্ষার ব্যবস্থা করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- আক্রান্তের ক্ষেত্রে রোগীকে আইসোলেশনে প্রেরণ ও হাসপাতালে ভর্তির কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান গ্রহণ করছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।
- স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব (জনস্বাস্থ্য) জনাব নিলুফার নাজনীন উল্লিখিত তথ্য সংগ্রহে ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করবেন (nilufernazneen@gmail.com)। কমিটির সদস্য-সচিবগণ এ বিষয়ে ই-মেইলের মাধ্যমে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করবেন।


২১.৫.২০২০

(মো: মাহবুব আলম)

উপসচিব

ফোন-৯৫১১০৭২

Email: hsdph1@gmail.com

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অ: পূ: দ্র:

- ৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। আইজিপি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৭। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
- ৮। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। বিভাগীয় কমিশনার (সকল).....
- ১২। সভাপতি/ মহাসচিব, বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমইএ (জেলাভিত্তিক প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল).....
- ১৪। জেলা প্রশাসক (সকল).....
- ১৫। পুলিশ সুপার (সকল),.....
- ১৬। সিভিল সার্জন (সকল),.....
- ১৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের অনুরোধসহ)।